গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd
(পাসপোর্ট শাখা)

নং- ৫৮.০১.০০০০.২০২.৭৯.০৪০.২৫/৪৫৪

তারিখঃ ১১ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ একাধিক জন্ম নিবন্ধন ব্যবহার করে দুই-তিন ধাপে ই-পাসপোর্টে মোট ১০-১৫ বছর বয়স পরিবর্তন প্রসঙ্গে।**

সূত্র: (ক) ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রকল্প-এর স্মারক নং-ই-পাসপোর্ট/প্রকল্প/সফটওয়্যার/২০২৫/৫৫৪; তারিখ:২৪/০৯/২৫খ্রিঃ।
(খ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং ৫৮.০০.০০০০.০৪৩.৩৩.০০৮.১৮ (অংশ-১).১২৬;তারিখঃ ০৫/০৩/২৫খ্রিঃ।
(গ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং ৪৪.০০.০০০০.১৩৭.৩৩.০০০৮.১৮ (অংশ-১).২১;তারিখঃ ২৫/০১/২৬খ্রিঃ।

উপযুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে সূত্রস্থ 'খ' স্মারকে জারিকৃত পরিপত্র অনুযায়ী জন্ম নিবন্ধন সনদের মাধ্যমে সর্বোচ্চ আট (৮) বছর পর্যন্ত বয়স পরিবর্তনের অনুমোদন প্রদান করা হয়েছে। কিন্তু সম্প্রতি কিছু আবেদনকারী ধারাবাহিকভাবে ভিন্ন ভিন্ন জন্ম নিবন্ধন ব্যবহার করে দুই থেকে তিন ধাপে মোট ১০-১৫ বছর পর্যন্ত বয়স পরিবর্তনের আবেদন করছেন যা কাম্য নয়। সূত্রোক্ত 'গ' স্মারকে এ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে একাধিক জন্ম নিবন্ধন ব্যবহার করে দুই/তিন ধাপে ই-পাসপোর্টে বয়স পরিবর্তনের অপচেষ্টা প্রতিরোধে প্রয়োজনীয় নির্দেশনা সম্বলিত পত্র জারি করেছে।

মন্ত্রণালয়ের জারিকৃত পত্র অনুযায়ী একজন ব্যক্তি জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র (NID) এর তথ্য ব্যবহার করে শুধুমাত্র একবার পাসপোর্টে বয়স পরিবর্তনের সুযোগ প্রাপ্য হবেন। তবে Enrolment এর সময় দায়িত্বপ্রাপ্ত কর্মচারী কর্তৃক করণিক (Clerical) ভুল এর ক্ষেত্রে যথাযথ ভাবে যাচাই সাপেক্ষে তথ্য সংশোধনের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

এমতাবস্থায়, সংযুক্ত পত্রটির নির্দেশনাসমূহ কঠোরভাবে অনুসরণ করে ই-পাসপোর্টে বয়স পরিবর্তন সংক্রান্ত সকল আবেদন নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামত।

নাদিরা আক্তার 28.02.26

(নাদিরা আক্তার)
পরিচালক (পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন)
মহাপরিচালকের পক্ষে
dpassport@passport.gov.bd

**বিতরণ (কার্যার্থে)(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

১। মান্যবর রাষ্ট্রদূত/হাইকমিশনার/উপ-হাইকমিশনার/কনসাল জেনারেল বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন/উপ-হাইকমিশন/কনস্যুলেট জেনারেল ......... সকল। [দৃ. আ. প্রথম সচিব/দ্বিতীয় সচিব, পাসপোর্ট ও ভিসা উইং, বাংলাদেশ দূতাবাস/বাংলাদেশ হাইকমিশন/বাংলাদেশ সহকারী হাইকমিশন/বাংলাদেশ কনস্যুলেট জেনারেল (সকল)]
২। পরিচালক/উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস,.....................সকল।
৩। উপপরিচালক/সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস,.....................সকল।

**অনুলিপি(জ্ঞাতার্থে):**

১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা। (দৃ.আ. মহাপরিচালক, কনস্যুলার ও ওয়েলফেয়ার)
৩। প্রকল্প পরিচালক, 'ই-পাসপোর্ট প্রবর্তন ও স্বয়ংক্রিয় বর্ডার কন্ট্রোল ব্যবস্থাপনা' শীর্ষক প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট, ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৫। পরিচালক/উপপরিচালক/সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ) (পাসপোর্ট) (সিআই)(ক্রয় ব্যবস্থাপনা)।
৬। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (মাসব্য ও অর্থ/পাসপোর্ট ভিসা ও ইমিগ্রেশন)।
৮। গার্ড ফাইল।

L/AK

পাসপোর্ট শাখা
ডায়রী নং ৬২০৭
তারিখ ২৬/০৯/২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রকল্প
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা

স্মারক নং-ই-পাসপোর্ট/প্রকল্প/সফট্ওয়্যার/২০২৫/ ৫৫৪ তারিখ ঃ ২৪সেপ্টেম্বর ২০২৫ ইং

বিষয় ঃ **একাধিক জন্ম নিবন্ধন ব্যবহার করে দুই-তিন ধাপে ই-পাসপোর্টে মোট ১০-১৫ বছর বয়স পরিবর্তন প্রসঙ্গে।**

বরাতঃ

ক। সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং- ৫৮.০০.০০০০.০৪৩.৩৩.০০৮.১৮ (অংশ-১).১২৬, তারিখঃ ০৫/০৩/২০২৫ খ্রি.

১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যায় বিভিন্ন মিশনে ভিন্ন ভিন্ন জন্ম নিবন্ধন ব্যবহার করে দুই-তিন ধাপে মোট ১০-১৫ বছর বয়স পরিবর্তনের আবেদন করা হচ্ছে। দেখা যায়, ১ম বার জন্ম নিবন্ধন দিয়ে এমআরপি থেকে ই-পাসপোর্টে ০৮ বছর বয়স পরিবর্তন করা হয়। তারপর একমাসের মধ্যেই আবার ভিন্ন জন্ম নিবন্ধন ব্যবহার করে ই-পাসপোর্ট থেকে ই-পাসপোর্টে ৫-৭ বছর বয়স পরিবর্তনের আবেদন করা হয়। বরাত 'ক' অনুযায়ী জন্ম নিবন্ধন দিয়ে সর্বোচ্চ ০৮ বছর বয়স পরিবর্তনের অনুমোদন থাকায় তারা দুই-তিন ধাপে মোট ১০-১৫ বছর বয়স পরিবর্তন করে। নিম্নে এমন কিছু ইআইডি প্রদান করা হলোঃ

| মিশন | ইআইডি নং | ১ম ধাপে বয়স পরিবর্তন | ২য় ধাপে বয়স পরিবর্তনের চাহিদা | মন্তব্য |
|---|---|---|---|---|
| মিলান | ৫০০৭-০০০০২৪৫৬৩ | ০৮ বৎসর | ০৮ বৎসর | আবেদন অপেক্ষমান |
| মিলান | ৫০০৭-০০০০২৪৫০৭ | ০৬ বৎসর | ০৭ বৎসর ০৭ মাস | আবেদন অপেক্ষমান |
| প্যারিস | ৫১১৪-০০০০০৪৩১০ | ০৮ বৎসর | ০২ বৎসর | আবেদন অপেক্ষমান |
| ভিয়েনা | ৭১৮৯-০০০০০০৪১০ | ০৬ বৎসর | ০৬ বৎসর | ৩য় ধাপে ০৪ বৎসর আবেদন অপেক্ষমান |

২। বিষয়টি আপনাদের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

মুশফিকুর রহমান মাসুম
কর্ণেল
প্রকল্প পরিচালকের পক্ষে

কার্যক্রমঃ

মহাপরিচালক
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭।
[দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (পাসপোর্ট)]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন-৪ শাখা
www.moha.gov.bd

স্মারক নং: ৪৪.০০.০০০০.০০০.১৩৭.৩৩.০০০৮.১৮ (অংশ-১).২১

তারিখ: ১১ মাঘ ১৪৩২
২৫ জানুয়ারি ২০২৬

বিষয়: একাধিক জন্ম নিবন্ধন ব্যবহার করে দুই-তিন ধাপে ই-পাসপোর্টে মোট ১০-১৫ বছর বয়স পরিবর্তন সংক্রান্ত।

সূত্র: (ক) স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর স্মারক নং: ৫৮.০০.০০০০.০৪৩.৩৩.০০৮.১৮ (অংশ-১).১২৬, তারিখ: ০৫.০৩.২০২৫
(খ) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের স্মারক নং: ৫৮.০১.০০০০.২০২.৭৯.০৪০.২৫.২৫৭৭, তারিখ: ২৬.১০.২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, একজন ব্যক্তি জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র (NID) এর তথ্য ব্যবহার করে শুধুমাত্র একবার পাসপোর্টে বয়স পরিবর্তন করতে পারবেন এবং করণিক ভুলের বিষয়টি যথাসমীচীন বিবেচনা করা যেতে পারে।

নীলিমা আফরোজ
উপসচিব
ফোন: ০২-৫৫১০১১৩৯
Email: immigration4@moha.gov.bd

মহাপরিচালক
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা

স্মারক নং: ৪৪.০০.০০০০.০০০.১৩৭.৩৩.০০০৮.১৮ (অংশ-১).২১

তারিখ: ১১ মাঘ ১৪৩২
২৫ জানুয়ারি ২০২৬

অনুলিপি:

১. পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
২. অফিস কপি/মাস্টার কপি

নীলিমা আফরোজ
উপসচিব

22

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
বহিরাগমন-৪ শাখা
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৪৩.৩৩.০০৮.১৮ (অংশ-১).১২৬

তারিখঃ ২০ ফাল্গুন ১৪৩১ / ০৫ মার্চ ২০২৫

বিষয়ঃ তথ্য সংশোধনপূর্বক বিদেশে পাসপোর্ট ইস্যু/রি-ইস্যুর আবেদনসমূহ নিষ্পত্তিকরণ।

সূত্রঃ সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র নম্বর: ৫৮.০০.০০০০.০৪৩.৩২.০০৭.১৭ (অংশ).৩০৭, তারিখ: ২৯.১০.২০২৪

উল্লিখিত বিষয়ে সুরক্ষা সেবা বিভাগ হতে সূত্রস্থ স্মারকে জারিকৃত পরিপত্রের ১ (ঘ) অনুচ্ছেদ নিম্নরূপভাবে সংশোধন করা হলোঃ

"জন্ম নিবন্ধন সনদের ভিত্তিতে তথ্য সংশোধনপূর্বক বিদেশে পাসপোর্ট ইস্যু/রি-ইস্যুর আবেদনসমূহ নিষ্পত্তিকরণের ক্ষেত্রে আবেদনকারীর বয়স সংশোধনের ক্ষেত্রে সর্বোচ্চ ০৮ (আট) বছরের ব্যবধান পর্যন্ত বিবেচনা করা যেতে পারে"।

০২। পরিপত্রে উল্লিখিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

০৫/০৩/২০২৫


আলীমুন রাজীব
উপসচিব
ফোন-০২-৫৫১০১১৩৯
Email-immi4@ssd.gov.bd


বিতরণ:

০১. পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
০২. সচিব, প্রবাসী ও বৈদেশিক কল্যাণ মন্ত্রণালয়, প্রবাসী ভবন, ঢাকা
০৩. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
০৪. মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
০৫. মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা, সেগুনবাগিচা, ঢাকা
০৬. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
০৭. রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম-মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা
০৮. অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, বিশেষ শাখা, বাংলাদেশ পুলিশ, মালিবাগ, ঢাকা
০৯. প্রকল্প পরিচালক, "বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন" শীর্ষক প্রকল্প, আগারগাঁও, ঢাকা
১০. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
১১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
১২. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৩. অফিস কপি/মাস্টার কপি